

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 24-03-2026
Time: 07:35-07:40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

Maan Ki Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১৩২তম পর্বা। এই অনুষ্ঠানটি আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত নেটওয়ার্ক, আকাশবাণী সংবাদ ওয়েবসাইট www.newsonair.com ও newsonair mobile app-এ শোনা যাবে। অনুষ্ঠানটি আকাশবাণী, ডিডি নিউজ, প্রধানমন্ত্রীর দপ্তর তথা তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউ টিউব চ্যানেলেও শুনতে পাওয়া যাবে। অনুষ্ঠানের অব্যবহিত পরেই এর আঞ্চলিক ভাষার অনুবাদ শোনা যাবে। এই আঞ্চলিক ভাষার অনুষ্ঠানটি রাত ৮টায় পুনঃ প্রচার করা হবে।

ADC Election final list :

মনোনয়নপত্র প্রত্যাহারের সময়সীমা শেষ হওয়ার পর আসন্ন এডিসি নির্বাচনের ২৮ টি আসনের সবকয়টিতে প্রার্থী পদ স্পষ্ট হল। গতকাল ছিল মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন। রাজ্য নির্বাচন কমিশনের সচিব অনুরাগ সেন

জানিয়েছেন, ১৮১ জন প্রার্থীর মধ্যে ৮ জন প্রার্থী মনোনয়নপত্র প্রত্যাহার করে নেওয়ায় মোট ১৭৩ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতায় রয়েছেন। এর মধ্যে বিজেপি-র ২৮ জন, তিপারামথার ২৮ জন, জাতীয় কংগ্রেসের ২৭ জন, সিপিআই(এম)-এর ২৫ জন আইপিএফটি-র ২৪ জন, সিপিআই-এর ১ জন প্রতিদ্বন্দ্বিতায় রয়েছেন। তাছাড়া, নির্দল ২৬ জন ও অন্যান্য প্রার্থী রয়েছেন ১৪ জন। তিনি জানান, যে ৮ জন তাদের মনোনয়নপত্র প্রত্যাহার করে নিয়েছেন তাদের মধ্যে ৬ জনই নির্দল প্রার্থী। এছাড়া, ফরওয়ার্ড ব্লকের ১ জন এবং একই আসনে তিপারামথা দলের দুইজন প্রার্থী মনোনয়ন দাখিল করায় ১ জন প্রার্থী তাঁর মনোনয়নপত্র প্রত্যাহার করে নেন।

উল্লেখ্য, আগামী ১২ ই এপ্রিল এডিসির ২৮ টি আসনে ভোট নেওয়া হবে। ভোট গননা করা হবে আগামী ১৭ ই এপ্রিল।

ADC Election-Arms Act :

আসন্ন এ.ডি.সি. নির্বাচনে আইন শৃঙ্খলা রক্ষা, শান্তি ও সম্প্রীতি অক্ষুণ্ন রাখতে রাজ্যের প্রায় সবকটি জেলার জেলাশাসক জেলার অন্তর্গত সমস্ত লাইসেন্সপ্রাপ্ত আগ্নেয়াস্ত্র ও গোলাবারুদ জমা দেওয়ার নির্দেশ জারি করেছেন। অস্ত্র আইন ১৯৫৯-এর অধীনে এই আদেশ জারি করে খোয়াই ও দক্ষিণ জেলার জেলাশাসকগণ জানিয়েছেন, জেলার অন্তর্গত সংশ্লিষ্ট লাইসেন্সধারীদের সমস্ত ধরনের আগ্নেয়াস্ত্র ও গোলাবারুদ আগামী ৩১ মার্চ-এর মধ্যে সংশ্লিষ্ট থানায় জমা দিতে হবে। তবে জেলার অন্তর্গত ব্যাঙ্ক, ওএনজিসি, আইওসিএল সমূহে নিয়োজিত নিরাপত্তারক্ষীদের লাইসেন্সপ্রাপ্ত আগ্নেয়াস্ত্রের ক্ষেত্রে এই নির্দেশ প্রযোজ্য হবে না। উল্লেখ্য, তারিখের পর কোনও ব্যক্তির কাছে যদি কোনও

আগ্নেয়াস্ত্র বা গোলাবারুদ পাওয়া যায় তবে তিনি আইনানুগ বিচারের সম্মুখীন হবেন এবং অস্ত্র আইন ১৯৫৯-এর প্রাসঙ্গিক বিধান অনুযায়ী তার আগ্নেয়াস্ত্র ও গোলাবারুদ বাজেয়াপ্ত করা হবে।

PM- Uttarpradesh :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল উত্তরপ্রদেশের গোঁতম বুদ্ধ নগর জেলার জেওয়ারে নয়ডা আন্তর্জাতিক বিমানবন্দরের প্রথম পর্যায়ের উদ্বোধন করেছেন। এছাড়াও তিনি ৪০ একর এলাকা জুড়ে রক্ষণাবেক্ষণ, মেরামত এবং ওভারহল সুবিধার ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। এই উপলক্ষে ভাষণ দেওয়ার সময় প্রধানমন্ত্রী বলেন যে, এটি 'বিকশিত ইউপি, বিকশিত ভারত' অভিযানের একটি নতুন অধ্যায়। তিনি আরও জানান, এই বিমানবন্দরটি আগ্রা, মথুরা, আলিগড়, গাজিয়াবাদ, ইটাওয়া এবং ফরিদাবাদসহ পশ্চিম উত্তরপ্রদেশের বিভিন্ন জেলার জন্য সহায়ক হবে। প্রধানমন্ত্রী আরও বলেন, এই বিমানবন্দরটি পশ্চিম উত্তরপ্রদেশের কৃষক, ক্ষুদ্র ও মাঝারি শিল্প এবং যুবকদের জন্য অনেক নতুন সুযোগ নিয়ে আসবে। তিনি আশা প্রকাশ করেন যে, জেওয়ার বিমানবন্দর আগামীদিনে উত্তরপ্রদেশের অগ্রগতি ও উন্নয়নের প্রতীকে পরিণত হবে।

প্রধানমন্ত্রী বলেন, পশ্চিম এশিয়ায় যুদ্ধ পরিস্থিতিতে সারা বিশ্ব উদ্ভিন্না এই অবস্থায় উদ্ভূত সংকট মোকাবিলায় ভারত যথাযথ পদক্ষেপ গ্রহণ করছে। তিনি তাঁর ভাষণে ভারতের গৃহিত পদক্ষেপের কথা বিস্তারিত উল্লেখ করেন।

GUEST LECTURER ASSOCIATION :

ত্রিপুরা অতিথি অধ্যাপক সংঘের কনভেনার ড: সিদ্ধার্থ শংকর দেব, গতকাল আগরতলা প্রেসক্লাবে সাংবাদিক সম্মেলনের মধ্য দিয়ে সংগঠনের তিন দফা দাবি উত্থাপন করেন | দাবিগুলির মধ্যে রয়েছে – ইউ.জি.সি. নির্ধারিত যোগ্যতাসম্পন্ন গেস্ট লেকচারারদের স্থায়ী নিয়োগ দেওয়া, তাদের অ্যাসিস্ট্যান্ট প্রফেসর বা স্টেট এইডেড অ্যাসিস্ট্যান্ট প্রফেসর হিসেবে নিয়োগ করা, ইউজিসি নির্দেশিকা অনুযায়ী গেস্ট লেকচারার নিয়োগ করা। এই দাবিগুলির প্রতি তিনি রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করেছেন |

Khelo India Tribals Games :

ছত্তিশগড়-এ খেলো ইন্ডিয়া ট্রাইবেল গেমসের চতুর্থ দিনে ত্রিপুরা একটি স্বর্ণ পদক পেয়েছে ফলে মোট সাতটি পদক নিয়ে পদক তালিকায় ত্রিপুরা সপ্তম স্থানে রয়েছে। রাজ্যদলের পক্ষে এদিন সাঁতারে মহিলা বিভাগে ১০০ মিটার ফ্রি স্টাইলে রাখি নোয়াতিয়া স্বর্ণ পদক পান।

Weather :

রাজ্যের উত্তর, উনকোটি, খোয়াই ও পশ্চিম জেলার দু'একটি জায়গায় ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর | এর সাথে রাজ্যের সবকটি জেলাতে বজ্র বিদ্যুত সহ ৩০ থেকে ৪০ কিলোমিটার প্রতি ঘন্টা বেগে ঝড়ো হওয়ার সতর্কতাও জারি করা হয়েছে | আজ আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন

থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩০ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২০.৫ ডিগ্রি সেলসিয়াস। ভোর সাড়ে পাঁচটা পর্যন্ত বৃষ্টিপাতের পরিমাণ ০.৩ মিলিমিটার।
